তোমরা মাযলুমের বদ-দো‘আ থেকে বেঁচে থাকো। কারণ, তা আগুনের মশালের মতো আকাশের দিকে আরোহণ করতে থাকে।

ইবন উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে মারফু‘ হিসেবে বর্ণিত: “তোমরা মাযলুমের বদ-দো‘আ থেকে বেঁচে থাকো। কারণ, তা আগুনের মশালের মতো আকাশের দিকে আরোহণ করতে থাকে।”
[সহীহ] [এটি হাকিম বর্ণনা করেছেন।]

তোমরা যুলুম থেকে দূরে থাকো। আর তোমরা অত্যাচারিতদের বদ-দো‘আকে ভয় কর। কারণ, তা আকাশের দিকে আগুনের শিখার মতো দ্রুত উঠতে থাকে। দ্রূত উপরের দিকে উঠার কারণে তাকে আগুনের মশালের সাথে তুলনা করা হয়েছে। অথবা তা এমন অন্তর থেকে বের হয়, যা যুলুম ও ক্ষোভের আগুনে দাউ দাউ করে জ্বলছে। আর তা তার (প্রতিবন্ধক) পর্দাসমূহকে জালিয়ে দেওয়ার ক্ষেত্রে মশালের মতো।

http://sunnah.global/hadeeth/bn/show/8309